গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১২১/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার ২১ ডিসেম্বর ২০১৭, ৭ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাহিনীর বন্ধনকে আরো দৃঢ় করুন : বিজিবি সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

২। রোহিঙ্গা হত্যাযজ্ঞ জাতিগত নিধনের শামিল : উখিয়ায় ক্যাম্প পরিদর্শনকালে তুরস্কের প্রধানমন্ত্রী

৩। বাংলাদেশ নারীর ক্ষমতায়নে অনুকরণীয় : স্পিকারের সাথে সাক্ষাৎকালে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত

৪। রংপুর সিটি করপোরেশনে আজ ভোট

সুষ্ঠু গ্রহণযোগ্য নির্বাচন হবে : সিইসি

৫। ১৩টি টেক্সটাইল মিল পিপিপি'র আওতায় চালুর সিদ্ধান্ত মন্ত্রিসভা কমিটির

১৬ ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে ক্রয়সংক্রান্ত কমিটি

৬। শিল্পমন্ত্রীর সাথে আসামের অর্থমন্ত্রীর সাক্ষাৎ

৭। চিকিৎসার মান বজায় রাখতে সরকার কঠোর অবস্থানে : স্বাস্থ্যমন্ত্রী

৮। জাতীয় সংসদের শীতকালীন অধিবেশন শুরু ৭ জানুয়ারি

৯। রাজধানীতে চালু হলো অনস্ট্রিট গাড়ি পার্কিং সেবা

১০। রিয়াদে হুতি বিদ্রোহীদের ক্ষেপণাস্ত্র হামলার নিন্দা জানিয়েছে বাংলাদেশ

চলমান পাতা-২

১। **বাহিনীর বন্ধনকে আরো দৃঢ় করুন : বিজিবি সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যদের পারস্পরিক আস্থা ও শ্রদ্ধাবোধ এবং সর্বোপরি শৃঙ্খলা ও সহানুভূতিশীলতার মাধ্যমে এ বাহিনীর বন্ধনকে দৃঢ় করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বিজিবির সদস্য হিসেবে আপনাদের পারস্পরিক আস্থা ও শ্রদ্ধাবোধ, শৃঙ্খলাবোধ, মানবিকতা এবং সর্বোপরি পারস্পরিক সহানুভূতিশীলতাই এ বাহিনীর বন্ধন দৃঢ়তর করবে। কাজেই ভবিষ্যতে সবাই বাহিনীর নিজস্ব শৃঙ্খলার বিষয়টি ভালোভাবে জেনে নিবে, চর্চা করবে এবং দেশের কল্যাণে নিজেদের নিয়োজিত করবে। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) রাজধানীর পিলখানার বিজিবি সদরদপ্তরে 'বিজিবি দিবস-২০১৭' উপলক্ষে আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানের ভাষণে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

২। **রোহিঙ্গা হত্যাযজ্ঞ জাতিগত নিধনের শামিল : উখিয়ায় ক্যাম্প পরিদর্শনকালে তুরস্কের প্রধানমন্ত্রী**

মিয়ানমারের রোহিঙ্গা হত্যাযজ্ঞ জাতিগত নিধন এর শামিল বলে মন্তব্য করেছেন তুরস্কের প্রধানমন্ত্রী বিনালি ইলদিরিম। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) কক্সবাজারের উখিয়ায় বালুখালী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনশেষে তিনি একথা বলেন। তিনি বলেন, রোহিঙ্গাদের স্বদেশে ফেরত পাঠানো এবং নিরাপদে তাদের বসবাসের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের সম্মিলিতভাবে কাজ করা জরুরি হয়ে পড়েছে। তুরস্কের প্রধানমন্ত্রী বিনালি ইলদিরিম উখিয়ায় তুরস্ক সরকারের অর্থায়নে নির্মিত ২টি ফিল্ড হাসপাতালের উদ্বোধন করেন এবং হাসপাতালের রোগীদের ব্যবহারের জন্য ২টি অত্যাধুনিক অ্যাম্বুলেন্স হস্তান্তর করেন স্থানীয় প্রশাসনকে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

৩। **বাংলাদেশ নারীর ক্ষমতায়নে অনুকরণীয় : স্পিকারের সাথে সাক্ষাৎকালে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত**

নারীর ক্ষমতায়নে বাংলাদেশ অনুকরণীয় এবং অর্থনৈতিক বিভিন্ন সূচকেও এ দেশের অগ্রগতি লক্ষণীয় বলে মন্তব্য করেছেন সুইজারল্যান্ডের নবনিযুক্ত রাষ্ট্রদূত রেনে হোলেস্টাইন। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ মন্তব্য করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এ সময় নারীর প্রশিক্ষণ, দক্ষতাবৃদ্ধি ও তরুণ প্রজন্মকে মানবসম্পদে পরিণত করতে সুইজারল্যান্ডের সহযোগিতা কামনা করেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

৪। **রংপুর সিটি করপোরেশনে আজ ভোট**
সুষ্ঠু গ্রহণযোগ্য নির্বাচন হবে : সিইসি

আজ ২১ ডিসেম্বর বৃহস্পতিবার রংপুর সিটি করপোরেশনের (রসিক) বহুল প্রতীক্ষিত নির্বাচন। সিটি করপোরেশন হওয়ার পর ২০১২ সালে প্রথম দফায় ভোট অনুষ্ঠিত হয়। এবারই প্রথম দলীয় প্রতীকে মেয়র প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করছেন। ইতোমধ্যে নির্বাচনের সবধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন। রংপুরে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের প্রত্যাশা রেখে প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা বলেছেন, ভোটের জন্য সব প্রস্তুতি শেষ হয়েছে এবং সার্বিক পরিস্থিতি তাদের নিয়ন্ত্রণে। কমিশনের প্রত্যাশা, রংপুরে সুন্দর, সুষ্ঠু ও গ্রহণযোগ্য ভোট হবে। সূত্র-**ইনকিলাব, প্রথম আলো, ইত্তেফাক, সংবাদ, ডেইলি সান, নিউজ টুডে, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **১৩টি টেক্সটাইল মিল পিপিপি'র আওতায় চালুর সিদ্ধান্ত মন্ত্রিসভা কমিটির**
১৬ ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে ক্রয়সংক্রান্ত কমিটি

১৩টি টেক্সটাইল ও কটন মিল সরকারি-বেসরকারি অংশিদারিত্বের (পিপিপি) ভিত্তিতে চালুর সিদ্ধান্ত হয়েছে। এতে ব্যয় হবে ১৫ হাজার ২০০ কোটি টাকা। বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের (বিটিএমসি) নিয়ন্ত্রণে থাকা এসব মিলের পুরাতন এবং অকেজো যন্ত্রপাতি অপসারণ করে আধুনিক স্থাপনা ও

নতুন যন্ত্রপাতি স্থাপনের জন্য সরকারের সঙ্গে থাকবে বেসরকারি উদ্যোক্তারাও। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠকে এর নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

অপরদিকে এক হাজার ৭৭২ কোটি টাকা ব্যয়ে ১৬টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

৬। শিল্পমন্ত্রীর সাথে আসামের অর্থমন্ত্রীর সাক্ষাৎ

বাংলাদেশের উদীয়মান উদ্যোক্তাদের আসামের ঐতিহ্যবাহী চা, চুনা পাথর, পেট্রোকেমিক্যাল ও কৃষিভিত্তিক শিল্পখাতে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন আসাম রাজ্যসরকারের অর্থমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। গতকাল (২০ডিসেম্বর বুধবার) শিল্প মন্ত্রণালয়ে বাংলাদেশে সফররত ভারতের আসাম রাজ্যসরকারের অর্থমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এবং গণপূর্তমন্ত্রী পরিমল শুক্লা বৈদ্যের নেতৃত্বে এক প্রতিনিধিদল শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে বৈঠককালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ**(শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (পৃ.৪,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

৭। চিকিৎসার মান বজায় রাখতে সরকার কঠোর অবস্থানে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, চিকিৎসাশিক্ষার মান বজায় রাখতে সরকার কঠোর অবস্থান অব্যাহত রাখবে। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে বেসরকারি মেডিকেল কলেজে আসন বৃদ্ধিসংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি একথা বলেন। আগামী বছরের জন্য কলেজগুলোতে আসন বৃদ্ধির বিবেচনার জন্য শীঘ্রই মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ পরিদর্শন সম্পন্ন করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫) **সংবাদ** (শেষ পৃ.,ক.৮)।

৮। জাতীয় সংসদের শীতকালীন অধিবেশন শুরু ৭ জানুয়ারি

জাতীয় সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে আগামী ৭ জানুয়ারি। এ অধিবেশন দশম সংসদের ১৯তম এবং নতুন বছরের অর্থাৎ ২০১৮ সালের প্রথম অধিবেশন। এ অধিবেশনের প্রথমদিন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ভাষণ দেবেন। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এ অধিবেশন আহ্বান করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৯। রাজধানীতে চালু হলো অনস্ট্রিট গাড়ি পার্কিং সেবা

রাজধানীর যানজট নিরসন ও নগরবাসীর গাড়ি পার্কিংয়ের সুবিধার্থে অস্থায়ীভাবে অনস্ট্রিট গাড়ি পার্কিং ব্যবস্থা চালু করেছে ঢাকা মহানগর পুলিশের ট্রাফিক বিভাগ। গতকাল (২০ ডিসেম্বর বুধবার) থেকে চালু হয়েছে নতুন এ সেবা। এ সার্ভিসের আওতায় নগরবাসী নির্দিষ্ট কয়েকটি সড়কে নির্দিষ্টসংখ্যক গাড়ি পার্কিং করতে পারবেন। ডিএমপি মিডিয়া ও পাবলিক রিলেশন্স বিভাগ অনস্ট্রিট পার্কিং চালুর বিষয়টি নিশ্চিত করেছে। ডিএমপি ট্রাফিক বিভাগ জানিয়েছে. সব এলাকা মিলে একই সময়ে রাখা যাবে দুই হাজার গাড়ি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (পৃ.৮,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।।

১০। রিয়াদে হুতি বিদ্রোহীদের ক্ষেপণাস্ত্র হামলার নিন্দা জানিয়েছে বাংলাদেশ

সম্প্রতি সৌদি আরবের রাজধানী রিয়াদের একটি আবাসিক এলাকা লক্ষ্য করে ইয়েমেনের হুতি বিদ্রোহীদের ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র হামলার ঘটনায় বাংলাদেশ সরকার গভীর উদ্বেগ প্রকাশ করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয় গতকাল (২০ ডিসেম্বর বুধবার) ঢাকায় এক বিবৃতিতে জানায়, বাংলাদেশ এ ধরনের উস্কানিমূলক কার্যক্রমের নিন্দা জানায়। এ ধরনের ঘটনা এ অঞ্চলের উত্তেজনা বৃদ্ধি এবং শান্তি ও স্থিতিশীলতার ওপর বিরূপ

প্রভাব ফেলতে পারে। একইসঙ্গে এ অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে বাংলাদেশ সৌদি আরব সরকার ও ভ্রাতৃপ্রতিম জনগণের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.৭,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৬)।

সম্পাদকীয়

ক. **সংবাদ :** বেশিরভাগ উপজেলাতেই সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা পদ খালি থাকায় প্রাথমিক শিক্ষাখাতের নজরদারি ও তদারকি কার্যক্রম ব্যাহত হওয়ায় প্রাথমিক শিক্ষায় জনবল সংকট নিরসনের সুপারিশ।

খ. **প্রথম আলো, যায়যায়দিন :** তুরস্কের প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর ঢাকা-আঙ্কারা সম্পর্ক নতুন সূচনার হাতছানি বলে অভিমত।

গ. **সমকাল :** লন্ডনভিত্তিক শিপিংবিষয়ক সংবাদ মাধ্যম ‘লয়েডস লিস্ট’-এর জরিপে চট্টগ্রামবন্দরের অগ্রগতির যে ধারা তুলে ধরা হয়েছে তাকে স্বাগত জানিয়ে চট্টগ্রামবন্দর আরো কর্মচঞ্চল থাকার প্রত্যাশা।

ঘ. **যুগান্তর :** রোহিঙ্গা প্রত্যাবাসনে যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনের বিষয়টি ইতিবাচক বলে মন্তব্য করে এ ব্যাপারে আন্তর্জাতিক তদারকি নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার :** সম্প্রতি বিআরটিসি অন্তরা নামক এক মহিলা বাস কন্ডাক্টর নিয়োগ দেওয়ায় এর মাধ্যমে পুরুষ অধ্যুষিত পেশাগুলোতে নারীরা সামাজিক প্রতিবন্ধকতাকে পায়ে ঠেলে আরো এগিয়ে আসবে বলে প্রত্যাশা ব্যক্ত এবং নারীবান্ধব কর্মপরিবেশ তৈরিতে বিআরটিসিকে পরামর্শ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** কিছু প্রতারক এজেন্সি বিদেশে লোভনীয় চাকরির প্রলোভন দেখিয়ে বঙ্গোপসাগরে মানবপাচারে নিয়োজিত আছে উল্লেখ করে সরকার, রিক্রুটিং এজেন্সি এবং এনজিওগুলোকে তৎপর হয়ে এ খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** সম্প্রতি হার্টের রোগীদের জন্য কৃত্রিম ভাল্ব ও পেসমেকারের দাম কমানোর সরকারি সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়ে এর সুফল যেন সবাই ভোগ করতে পারে তা নিশ্চিত করতে এবং চিকিৎসা খাতের নানা অনিয়ম দূর করার পরামর্শ।

জ. **অবজারভার, সংবাদ, সমকাল, যুগান্তর :** রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন নির্বাচন কমিশনের জন্য একটি অগ্নিপরীক্ষা উল্লেখ করে এর সুষ্ঠু অনুষ্ঠান জনগণের মধ্যে নির্বাচন নিয়ে আস্থা ফিরিয়ে আনবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত কলামে তৈরিপোশাক শিল্পে ভবিষ্যতে নতুন কারখানা স্থাপনের ক্ষেত্রে ‘সবুজ শিল্প’ বিষয়ে গুরুত্ব দেওয়ার কথা বলা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **‘দখলে ও দূষণে বিপন্ন শীতলক্ষ্যা’** ’শিরোনামের নিবন্ধে নদী দূষণমুক্ত, স্বাভাবিক ও সুন্দর থাকলে মানুষ যেমন এর সুফল পাবে তেমনি এর ওপর দূষণ ও অত্যাচার বাড়তে থাকলে তার খারাপ প্রভাবও মানুষের ওপর পড়বে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/২০১৭/৯.০০